# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একপট কোম্পানী)

বিষয়: **জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির সকল কার্যক্রমের জুলাই ২০২২ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম |
| সভার তারিখ | : | ২৩-০৮-২০২২ |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | কমিটি রুম (লেভেল-৩), জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

১.০। আলোচনা:

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জনবল প্রশিক্ষণ, আভ্যন্তরীন শিখন সেশন ও জনবল নিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রা ও অর্জন এর বিষয়ে আলোচনার জন্য সভাপতি উপ-মহাব্যবস্থাপক (নিয়োগ ও প্রশিক্ষণ) কে অনুরোধ করলে তিনি সভায় জানান যে, জনবল প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। তবে বর্তমান পরিস্থিতিতে বাজেট হ্রাসকরণের জন্য জনবল প্রশিক্ষণ এর সংখ্যা ১০% কমিয়ে লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের ব্যাপারে সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন। এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) নলেজ শেয়ারিং বিষয়ক একটি সভা এ মাসের মধ্যে আয়োজনের জন্য গুরুত্বারোপ করেন ।

১.২। এপিএ টিমের ফোকাল পয়েন্ট তার বক্তব্যে সভায় জানান যে, গ্যাস পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা অর্জিত হবে মর্মে আশা করা যাচ্ছে এবং ভূ-উপরিস্থ পাইপলাইন ও স্থাপনাসমূহের রংকরণ কাজ এর লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা প্রকাশ করেন।

১.৩। মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য এপিএ কমিটি সভায় জানান যে, ভৌত অবকাঠামো নির্মাণ ৪টি কাজের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ।

১.৪। ফোকাল পয়েন্ট, এপিএ টিম জিটিসিএল এর নেটওয়ার্কের মাধ্যমে বিতরন কোম্পানির কাছে গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে সভায় অবহতির জন্য উপ-মহাব্যবস্থাপক, ফ্লো কন্ট্রোল মহোদয়কে অনুরোধ করলে তিনি সভায় জানান যে, এলএনজি আমদানি কমার কারণে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না বলে আশঙ্কা প্রকাশ করেন। সভায় গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা ১০% হ্রাসকরার বিষয়ে একমত পোষণ করা হয়।

১.৫। উপ-মহাব্যবস্থাপক (অর্থ) রাজস্ব সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে সভায় অবহিত করেন যে, গ্যাস সঞ্চালনের পরিমাণ হ্রাস পেলেও হুইলিং চার্জ কিছুটা বৃদ্ধি পাওয়ায় এপিএ রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ।

১.৬। এপিএ টিমের আহবায়ক তাঁর বক্তব্যে সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা , লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতি ও প্রমাণকের বিষয়ে বিস্তারিত আলোচনা ও গুরুত্বারোপ করেন । এসময়ে তিনি সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে নির্ধারিত লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতি ও প্রমাণকের বিষয়সমূহ ছক আকারে প্রস্তুত করার জন্য অনুরোধ করেন।

১.৭। সিটিজেন চার্টার কমিটির ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) সভায় অবহিত করেন যে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি এ বিষয়ে কোন কোন সেবা অর্ন্তভুক্ত হবে এবং কিভাবে রেজিস্টার সংরক্ষণ করতে হবে তা পরবর্তীতে নির্ধারণ করা হবে বলে জানান।

১.৮। সভাপতি মহোদয় সভায় বলেন যে, কর্মসম্পাদনের ক্ষেত্রের সংশোধিত লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারণপূর্বক যথাশীঘ্রই এপিএ টিমের কাছে পৌঁছাতে হবে। এপিএ এর কর্মসম্পাদনের ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে

প্রমাণকসমূহ নির্দেশিকা অনুযায়ী যথাযথভাবে ও যথাসময়ে প্রস্তুত এবং সকল কার্যাদি শতভাগ বাস্তবায়নের বিষয়ে আহবায়ক বিশেষ গুরুত্ব আরোপ করেন।

**২.০। সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। কর্মসম্পাদনের ক্ষেত্রের সংশোধিত লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারণপূর্বক যথাশীঘ্রই এপিএ টিমের কাছে পৌঁছাতে হবে;

২.২। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে নির্ধারিত লক্ষ্যমাত্রা, লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা, অগ্রগতি ও প্রমাণকের বিষয়সমূহ ছক আকারে প্রস্তুতপূর্বক তদনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো. সাইফুল ইসলাম)
মহাব্যবস্থাপক (এইচআর), জিটিসিএল
ও
আহ্বায়ক, এপিএ টিম।

**বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।
২। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৩। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
৪। ফোকাল পয়েন্ট (এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআই কমিটি), জিটিসিএল।

**অনুলিপি:**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, জিটিসিএল।
২। অফিস কপি।

## গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা।

**২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) সকল কার্যক্রমের জুলাই ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত এপিএ টিমের আহ্বায়কের সভাপতিত্বে <u>সভার উপস্থিতির তালিকা:</u>**

তারিখ : ২৩-০৮-২০২২

সময় : ১১:০০ ঘটিকা

স্থান : কমিটি রুম, লেভেল-৩

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মোঃ সাইফুল ইসলাম<br>মহাব্যবস্থাপক (এইচ.আর) ও আহ্বায়ক | [স্বাক্ষর] |
| ২। | শাহেলা বানু, মহাব্যবস্থাপক (পিএন্ডডি) সদস্য | [স্বাক্ষর] ২৩/৮/2022 |
| ৩। | মোঃ মফিজুর রহমান, ডিজিএম (পিপিএম) | [স্বাক্ষর] ২৩/৮/২২ |
| ৪। | নঈমুদ্দিন আহমদ | [স্বাক্ষর] |
| ৫। | SAROJ KANTI MAJUMDER | [স্বাক্ষর] |
| ৬। | মোঃ শাফায়েতুর রহমান মজুমদার (উপ-মহাব্যবস্থাপক) | [স্বাক্ষর] 23/08/2022 |
| ৭। | মোঃ ওবায়দুর রহমান - উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) | [স্বাক্ষর] 23/08/2022 |
| ৮। | মুহম্মদ ইসমাইল হক | [স্বাক্ষর] ২৩/৮/22 |
| ৯। | মোঃ মাহবুবুর রহমান | [স্বাক্ষর] ২৩/৮/22 |
| ১০। | মোঃ সাব্বির হাসান খান | [স্বাক্ষর] ২৩/৮/2022 |
| ১১। | মোঃ নজরুল ইসলাম - DGM (PCD) | [স্বাক্ষর] ২৩/৮/2022 |
| ১২। | মোঃ আবু সাঈদ হোসেন, Manager | [স্বাক্ষর] 23/8/2022 |
| ১৩। | মুশফিক রিদওয়ানুজ জামান, সহকারী প্রকৌশলী (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) | M.R. Zaman 23.08.2022 |
| ১৪। | মোঃ জুবায়ের আল মাহমুদ, সহকারী প্রকৌশলী (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) | Zubaer ২৩.০৮.2022 |
| | | |
| | | |